# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 10 April, 2025

ঝিনাইদহ সদর উপজেলায় ৮'শত কৃষকের মাঝে বিনামূল্যে পাট বীজ ও সার বিতরণ করা হয়েছে।প্রণোদনা কর্মসূচির আওতায় পাটের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও সার বিতরণ করা হয়।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) সকালে সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসের সামনে এ সার ও বীজ বিতরণ করা হয়।

সদর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোঃ নূর-এ-নবী'র সভাপতিত্বে বিতরণ কর্মসূচি উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী।সেসময় অতিরিক্ত কৃষি কর্মকর্তা মুহাম্মদ জুনাইদ হাবীবসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় সদর উপজেলার ৮'শত কৃষকের মাঝে জনপ্রতি ১ কেজি উন্নতজাতের পাটের বীজ, ৫ কেজি ডিএপি সার ও ৫ কেজি এমওপি সার বিতরণ করা হয়।

সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অফিস সূত্রে জানাযায়, এ নিয়ে ঝিনাইদহ সদর উপজেলায় মোট ৮'শ কেজি পাট বীজ ও ৮ মেট্রিক টন সার বিতরণ করা হয়েছে।

ঝিনাইদহ বীজ ও সার উপজেলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:28

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/240279559